17

আজকের কাগজ

তারিখ 28 JAN 1996

পৃষ্ঠা 2 কলাম ৬

# বাগিচাগাঁও বস্তিতে স্যাটেলাইট স্কুল উদ্বোধন

ঢাকা সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ হানিফ গতকাল বিকালে নগরীর খিলগাঁওস্থ বাগিচাগাঁও বস্তিতে একটি স্যাটেলাইট স্কুল উদ্বোধন এবং বস্তিবাসী মহিলাদের দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণের সনদপত্র বিতরণ করেছেন।

এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে মেয়র হানিফ বলেন, নগরীর বস্তিবাসিদের উন্নত আবাসন, স্যানিটেশন ও শিক্ষা কর্মসূচিকে সফল করার লক্ষ্যে করপোরেশন চলতি অর্থবছরে ২ কোটি টাকা অর্থ বরাদ্দ রেখেছে। তিনি বলেন, ইউনিসেফ-এর অর্থ সাহায্য এবং এলজিইডি-এর কারিগরী সহযোগিতা অব্যাহত থাকলে করপোরেশন নগরীর বস্তিসমূহে আরও অধিক হারে উল্লেখিত সেবা প্রদানে সক্ষম হবে।

OF — SHEETS